



## শীর্ষ টিপস

- **এক ব্যক্তি, এক ভাষা:** আপনার শিশুকে দ্বিভাষী হিসেবে বড় করার সবচেয়ে সহজ পথ হল একজন অভিভাবক একটি ভাষায় কথা বলবে এবং অন্য অভিভাবক আরেকটি ভাষায় কথা বলবে।
- **এক ভাষা, এক স্থান:** যদি দুজন অভিভাবকই কমিউনিটির থেকে ভিন্ন ভাষায় কথা বলে, তাহলে তারা বাসায় তাদের নিজস্ব ভাষা ব্যবহার করতে পারে এবং তাদের শিশু কমিউনিটিতে অংশগ্রহণের সময় অন্য আরেকটি ভাষা শিখে নিতে পারবে।
- **এক ভাষা, এক সময়:** ঘুমানোর সময়, খাওয়ার সময় বা পরিদর্শনের সময় নির্দেশ করার জন্য একটি নির্দিষ্ট ভাষা ব্যবহার করতে পারেন।
- **প্রথম দিক থেকেই শুরু করুন ও তা ধরে রাখুন:** আপনার শিশুকে যত দ্রুত দুইটি ভাষার সাথে পরিচয় করিয়ে দেবেন, ততই ভাল এবং এই চর্চা ধরে রাখুন - যদি শিশুদেরকে একটি ভাষা ব্যবহারের জন্য উৎসাহ দেওয়া না হয়, তাহলে তারা তাতে আগ্রহ হারিয়ে ফেলে।
- **ধৈর্যশীল হোন:** আপনার শিশু শুধু দুইটি ভাষাই শিখবে না, তারা কিন্তু একইসাথে হাঁটা-চলা, খেলাধুলা এবং খাওয়ার নিয়মকানুনও শিখবে!
- আপনি আপনার শিশুকে যে ভাষাটি শেখাচ্ছেন সেই ভাষায় কথা বলে এমন অন্য শিশুদের সাথে আপনার শিশুকে **খেলার** সুযোগ করে দিন (আপনার এলাকায় কমিউনিটি গ্রুপ এবং কমপ্লিমেন্টারি স্কুলের ব্যাপারে খোঁজ নিন)
- গেমস খেলে, গান পেয়ে এবং একসাথে রান্না করার মাধ্যমে দুইটি ভাষা শেখা আনন্দদায়ক করে তুলতে পারেন।
- ভাষার সাথে পরিচয় আরো বাড়াতে DVD এবং টিভির সাহায্য নিন, তবে মনে রাখবেন **মনুষ্য যোগাযোগই শ্রেয়!**



BENGALI

## দ্বিভাষী শিশু

মনে রাখবেন পৃথিবীর মোট জনসংখ্যার ৭০% হল দ্বিভাষী; তাই আপনার শিশুও দুইটি ভাষা শেখার ক্ষমতা রাখে!

কেন আমাদের শিশুকে দ্বিভাষী হিসেবে বড় করতে হবে?

- আপনার বর্ধিত পরিবারবর্গের সাথে সে ভালভাবে যোগাযোগ করতে পারবে
- আপনি আপনার শিশুর সাথে স্বাভাবিকভাবে আপনার নিজস্ব ভাষায় কথা বলতে পারবেন
- দ্বিভাষী হওয়ার ফলে হয়ত আপনার শিশুর ভাল ক্যারিয়ারের সম্ভাবনা থাকবে
- দ্বিভাষী হিসেবে আপনার শিশু একাডেমিক ক্ষেত্রে আরো ভাল করতে পারবে

যদি আমরা শুধুমাত্র আমাদের নিজস্ব ভাষাতেই কথা বলে থাকি?

কোন সমস্যা নেই! বাসায় আপনার নিজস্ব ভাষা ব্যবহার করুন আর যখন আপনার শিশু কোন শিশু কেন্দ্র বা প্রি-স্কুলে যাওয়ার জন্য উপযুক্ত হবে, তখন সে সেখানেই অন্য আরেকটি ভাষা শিখে নিতে পারবে। প্রাথমিক ভাষায় আপনার শিশুর দক্ষতা গড়ে তোলা জরুরি কারণ এটির উপর ভিত্তি করেই সে তার দ্বিতীয় ভাষা শিখবে। যখন আপনার শিশু বাসায় একটি ভাষা শিখবে এবং পরে আরেকটি ভাষা শেখে, তখন এটিকে বলা হয় অনুক্রেমিক দ্বিভাষীতা।



BENGALI

আমাদেরকে কী বাসায় দুইটি ভাষায় কথা বলতে হবে?

হ্যাঁ, আপনার শিশুর জন্য দুইটি ভাষা শেখার উত্তম পন্থা হল সে যেন বাসাতেই ঐ দুইটি ভাষায় কথা শুনতে পারে। শিশুকাল থেকে দুইটি ভাষা শেখাকে বলা হয় যুগপৎ দ্বিভাষীতা। এটি তখনই ভাল কাজ করে যখন আপনি ও আপনার সঙ্গী দুজনেই দুইটি ভিন্ন ভাষায় পারদর্শী যা আপনারা শিশুর সাথে কথা বলার সময় ব্যবহার করে থাকেন। আপনি আপনার শিশুর সাথে আপনার নিজস্ব ভাষায় কথা বলবেন আর আপনার সঙ্গী শিশুর সাথে তার নিজস্ব ভাষায় কথা বলবে।

আমার স্বামীর ভাষা ম্যান্ডারিন আর আমার ভাষা পোলিশ, আমাদের ছেলেকে কী আমাদের ইংরেজি শেখাতে হবে না?

আপনার শিশুকে মোটামুটি ইংরেজি শেখাতে পারেন, কিন্তু আপনি যদি নিজে ইংরেজিতে পারদর্শী না হয়ে থাকেন তাহলে শুধু ইংরেজিতে কথা বলার দরকার নেই। শিশু কেন্দ্রে, প্রি-স্কুলে, দোকানে বা টিভি দেখার সময় আপনার শিশু ইংরেজি শেখার অনেক সুযোগ পাবে - আপনার শিশু ইংরেজি ভাষা দ্বারা পরিবেষ্টিত থাকবে এবং যখন সে স্কুলে যাওয়া শুরু করবে, তখন তার ৫০% এরও বেশি ইনপুট ইংরেজিতেই দিতে হবে। আপনার নিজস্ব ভাষা শেখাটা আপনার শিশুর জন্য গুরুত্বপূর্ণ কারণ যদি তার নিজস্ব ভাষার উপর ভাল দখল থাকে, তাহলে সে পরবর্তীতে ভালভাবে ইংরেজিও রপ্ত করতে পারবে।

আমাদের দুই বছরের শিশুকে আমরা যে ভাষা শেখাচ্ছি তা সে গুলিয়ে ফেলছে, আমরা কী তাকে বিভ্রান্তির মুখে ঠেলে দিচ্ছি?

না, এটি হওয়াটা একদম স্বাভাবিক। বেশিরভাগ দ্বিভাষী শিশুই ভাষা গুলিয়ে ফেলে এবং একটি ভাষা বলার সময় অন্য ভাষা থেকে শব্দ ব্যবহার করে থাকে। যদি ফরাসী ভাষায় সে *মিষ্টি* শব্দটি মনে না করতে পারে তাহলে হয়ত সে ইতালিয়ানে সেই শব্দটি বলবে যা তার জানা আছে যাতে সে তার মনের ভাব প্রকাশ করতে পারে! সময়ের সাথে সাথে আপনার শিশু দুইটি ভাষা আরো ভালভাবে ব্যবহারে দক্ষ হয়ে উঠবে।

যদি আমরা বাসায় শুধুমাত্র আমাদের নিজস্ব ভাষায় কথা বলি, তাহলে প্রি-স্কুলে গিয়ে আমাদের শিশুর সমস্যা হবে। তাকে কী আমাদের ইংরেজিও শেখাতে হবে?

আপনার শিশুকে কিছু ইংরেজি শব্দ ও বাক্যাংশ শেখাতে পারেন যা তাকে প্রি-স্কুলে থাকাকালীন সময়ে সাহায্য করবে এবং হয়ত দিনের একটি সময়ে তার সাথে আপনি ইংরেজি ব্যবহার করে “খেলতে” পারেন, কিন্তু আপনি যদি নিজে ইংরেজিতে পারদর্শী না হয়ে থাকেন, তাহলে নিজস্ব ভাষার পরিবর্তে পুরোপুরি ইংরেজি ব্যবহার না করাটাই ভাল।

আমরা বাসায় স্প্যানিশ ও ইংরেজিতে কথা বলি, আমাদের শিশু তার অন্য কাজিনদের তুলনায় অনেক কম ইংরেজি শব্দ জানে, আমরা তাকে দ্বিভাষী হিসেবে বড় করার ফলেই কী এমনটি হচ্ছে?

হতে পারে, কিন্তু ভুলে যাবেন না যে আপনার শিশু হয়ত তার কাজিনদের মত অনেক ইংরেজি শব্দ জানে না কিন্তু হয়ত সে মোটামুটি শব্দ জানে এবং যখন আপনি তার মোট স্প্যানিশ শব্দ ভাণ্ডার আর ইংরেজি শব্দ ভাণ্ডারের তুলনা করবেন, তখনই আপনি এটি বুঝতে পারবেন।

